

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫



স্মারক নং-৪২.৬২.০০০০.৯৬৬.০০.০২২.১৮.৪৪৮

তারিখঃ ১৭/১১/২০২০খ্রিঃ

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি'র ঋণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে ব্যাংক একাউন্ট হতে নগদ অর্থ উত্তোলনপূর্বক কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতিতে সদস্যদের বিতরণ করা হলেও বিভিন্ন কারনে অনেক সদস্যের ঋণের অর্থ পরবর্তিতে সুকৌশলে আত্মসাতের উদ্দেশ্যে সমিতির ১/২ জন সদস্য একাই গ্রহণ করেন মর্মে বিভিন্ন অভিযোগ রয়েছে এবং বিতরণকৃত এ অর্থ পরবর্তিতে মেয়াদোত্তীর্ণ খেলাপিতে পরিনত হয়। ফলে ঋণ বিতরণের স্বচ্ছতা নিয়ে কর্তৃপক্ষের নিকট সন্দেহের সৃষ্টি হয়; এ ক্ষেত্রে বিতরণকারী কর্মকর্তাকে এর দায়ভার নিতে হয়। এমতাবস্থায়, ঋণ বিতরণে স্বচ্ছতা বৃদ্ধিসহ ঋণের অর্থ নিরাপদে সুফলভোগীর নিকট পৌছানো ও ব্যবহার নিশ্চিতকরণের স্বার্থে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলোঃ

ক. কর্মসূচির ঋণের অর্থ নগদে বিতরণ না করে সুফলভোগী সদস্যের ব্যাংক হিসাবে ক্রস চেক অথবা এডভাইস দিয়ে স্থানান্তর করতে হবে।


খ. যে সকল তফসিলি ব্যাংক সুফলভোগী সদস্যদের ১০.০০-১০০.০০ টাকায় হিসাব খোলাসহ ব্যাংক হিসাব পরিচালনায় আগ্রহী সে সকল ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় ঋণ তহবিল হিসাবের সমুদয় অর্থ স্থানান্তরপূর্বক ঋণ কার্যক্রম পরিচালনা করতে হবে।

গ. যে সকল সুফলভোগী সদস্যের নিজ নামে ব্যাংক হিসাব নেই তাদের ব্যাংক হিসাব খোলার উদ্যোগ নিতে হবে। এ ক্ষেত্রে কর্মসূচির ঋণ-তহবিল হিসাব পরিচালিত ব্যাংকে সুফলভোগী সদস্যের ব্যাংক হিসাব খোলা সম্ভব হলে ক্রস চেকের মাধ্যমে অর্থ প্রদান না করে সরাসরি ব্যাংক এ্যাডভাইস প্রদান করে ঋণের অর্থ স্থানান্তরের মাধ্যমে বিতরণ করা সম্ভব হবে। তবে সুফলভোগী সদস্যদের নিজ নামে অন্য কোন ব্যাংক ব্যাংক হিসাব থাকলে, তাদের ক্ষেত্রে ক্রস চেকের মাধ্যমে ঋণের অর্থ বিতরণ করতে হবে। উল্লেখ্য সুফলভোগী সদস্যদের ব্যাংক হিসাব খোলার সময় আবশ্যিকভাবে এসএমএস (SMS)সার্ভিস সচল রাখার উদ্যোগ নিতে হবে।

ঘ. সুফলভোগী সদস্যদের ব্যাংক হিসাবে এ্যাডভাইজের মাধ্যমে বিতরণকৃত ঋণের অর্থ স্থানান্তরের ক্ষেত্রে ব্যাংক কর্তৃক প্রাপ্তি স্বীকারের প্রমাণকই ঋণ বিতরণ সনদ হিসেবে পরিগনিত হবে এবং ক্রস চেকের মাধ্যমে ঋণ বিতরণের ক্ষেত্রে প্রচলিত বিধি বিধান অনুসরণ করতে হবে। ব্যাংক এ্যাডভাইজের অনুলিপি সংশ্লিষ্ট সমিতিতে প্রেরণ ও সংরক্ষণ নিশ্চিত করতে হবে। ব্যাংক এ্যাডভাইজের মাধ্যমে বিতরণকৃত ঋণের ক্ষেত্রে সদস্যদের স্বশরীরে উপস্থিতির প্রয়োজন হবে না। তবে ঋণ প্রক্রিয়াকরণ সংক্রান্ত অন্যান্য সকল বিধি বিধান পূর্বের ন্যায় আবশ্যিকভাবে প্রতিপালন করতে হবে।

ঙ. আগামী ১৫/১২/২০২০খ্রিঃ তারিখের পর থেকে কোন ঋণের অর্থ সুফলভোগী সদস্যদের সরাসরি নগদে বিতরণ করা যাবে না। এ ক্ষেত্রে ১৫/১২/২০২০খ্রিঃ তারিখের পরে ঋণ বিতরণযোগ্য সমিতির সদস্যদের আবশ্যিকভাবে ব্যাংক হিসাব খোলার বিষয়টি নিশ্চিত করতে হবে। ১৫/১২/২০২০খ্রিঃ তারিখের পরে নগদে কোন ঋণ বিতরণ করা হলে আয়ন ব্যয়ন কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

০২। কর্মসূচির স্বার্থে এ আদেশ জারি করা হলো।



১৭/১১/২০২০
মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ফোন: ০২-৮১৮০১৪৪

অনুলিপি বিতরণ (জেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ -----(কর্মসূচিভূক্ত সকল জেলা)।
২. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ----- (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ----- (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।
৫. হিসাব সহকারী/মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ----- (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।

সদয় অবগতি জন্য:

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক(প্রশাসন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা
৩. পরিচালক(সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৪. অফিস নথি /গার্ড ফাইল।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ফোন: ০২-৮১৮০১৪৪